

2019

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) “রূপে ভরল দিঠি”—‘দিঠি’ শব্দের অর্থ কী?

(খ) “নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে”

পদটির রচয়িতা কে?

(গ) “শূন ভেল \_\_\_\_\_ শূন ভেল নগরী।

শূন ভেল দশ দিশ শূন ভেল সগরি ॥”

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঘ) “এ ঘোর রজনী মেঘের ঘটা

কেমনে আইল বাটে।”

পদটি কোন্ পর্যায়ের?

(ঙ) “মৌড়েশ্বর গোসাঞির হইল গর্জন।” ‘মৌড়েশ্বর

গোসাঞি’ কে?

( 2 )

(চ) “করাইমু কৃষ্ণ সর্ব-নয়নগোচর।” এই প্রতিশ্রুতি কে দিয়েছিলেন ?

(ছ) নিত্যানন্দ কোথায় জন্মগ্রহণ করেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) শ্রীকৃষ্ণের মথুরা গমনকালে বৃন্দাবন থেকে যাঁরা তাঁর সঙ্গী হয়েছিলেন, তাঁদের দুজনের নাম লেখো।

(খ) “বয়সে কিশোরী রাজার কুমারী  
তাহে কুলবধু বালা।”

রাধার পিতার নাম কী? তাঁর স্বামীর পরিচয়ও উল্লেখ করো।

(গ) চৈতন্যদেবের কোষ্ঠী গণনা কে করেছিলেন? কোষ্ঠীবিচারে তাঁর কী নাম রাখা হয়েছিল?

(ঘ) চৈতন্যদেবের মাতা ও পিতার নাম লেখো।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) ‘মাথুর’ কাকে বলে? উদাহরণসহ মাথুরের প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

(খ) উদাহরণসহ পূর্বরাগের সংজ্ঞা নিরূপণ করো।

(গ) “চণ্ডী রাখিলেন আজি দুই চোরে বলে”—এই দুই চোরের কাহিনিটি সংক্ষেপে বর্ণনা করো।

( 3 )

(ঘ) “প্রভু বলে তোরা মোরে না দিস পড়িতে।  
ভদ্রাভদ্র মূর্খ বিপ্র জানিবে কিমতে।।”

প্রসঙ্গ উল্লেখ করে মহাপ্রভু কেন এ ধরনের উক্তি করেছিলেন তা বর্ণনা করো।

(ঙ) ব্যাখ্যা করো :

মাধব কি কহব দৈব বিপাক।

পথ আগমন কথা কত না কহিব হে

যদি হয় মুখ লাখে লাখ ॥

৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) ‘অভিসার’ কাকে বলা হয়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্বের পরিচয় দাও।

(খ) তোমার অধীত বিভিন্ন পর্যায়ের বিভিন্ন পদ অবলম্বনে বৈষ্ণব পদাবলীর কাব্যমূল্য নিরূপণ করো।

(গ) “বৈষ্ণব কবিগণ প্রেমমনস্তত্ত্বের সুনিপুণ রূপকার।” উপযুক্ত উদ্ধৃতির সাহায্যে উক্তিটির যথাার্থ্য প্রতিপন্ন করো।

খ—গুচ্ছ

(ঘ) চৈতন্যদেবের আবির্ভাবের সমসাময়িক কালে বঙ্গদেশের ধর্মীয় পরিবেশ ‘চৈতন্যভাগবত’ গ্রন্থে যেভাবে বর্ণিত হয়েছে তা আলোচনা করো।

( 4 )

- (ঙ) বৃন্দাবন দাসকে 'চেতন্যলীলার ব্যাস' বলা হয় কেন?  
আলোচনা করো।
- (চ) নিমাই ও লক্ষ্মীদেবীর বিবাহপর্বের বর্ণনা দাও।

\*\*\*